# সভা নং-০২

## ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদের ২০২৪ খ্রিঃ জুলাই মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মুহাম্মদ আবু তৈয়ব অপি
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা ।
সভার তারিখ ঃ ২৫/০৭/২০২৪খ্রিঃ সময় ঃ বিকাল ২.৩০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
উপস্থিত সদস্যদের তালিকা ঃ পরিশিষ্ট- "ক" অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "খ"।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। পাঠান্তে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে গৃহীত হয়। অতঃপর উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগের কার্যক্রম সম্পর্কে নিম্নবর্ণিত বিষয় ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

প্যানেল চেয়ারম্যান নির্বাচন ঃ

উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ধারা ১৫ অনুসারে ১ম সভা হতে ১ মাসের মধ্যে প্যানেল চেয়ারম্যান নির্বাচনের করতে হবে। সে মোতাবেক চেয়ারম্যানের অনুপস্থিতিতে চেয়ারম্যানের দায়িত্ব পালনের জন্য ভাইস- চেয়ারম্যানগনের মধ্য থেকে চেয়ারম্যান প্যানেল গঠনের বিধান রয়েছে। চেয়ারম্যান প্যানেল নির্বাচনের জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আর্কষণ করেন। বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক পরিষদের কাজের সুবিধার্থে ও সহায়তার জন্য প্যানেল চেয়ারম্যান গঠনের জন্য সভাপতি নিমোক্ত প্রস্তাব করেন। পরিষদের সদস্য যেমন ভাইস চেয়ারম্যান, ৮ ইউনিয়নের মধ্যে হতে চেয়ারম্যান ০৭ জন উপস্থিত, ০২ জন ভাইস চেয়ারম্যান সহ মোট ০৯ জন ভোট প্রদান করেন। প্রাপ্ত ভোটে নিম্নে ফলাফল ঃ

প্যানেল চেয়ারম্যান-১ হিসাবে ভাইস চেয়ারম্যান জনাব নাজমুল হাছান শরীফ ০৫ ভোট পেয়েছে।
প্যানেল চেয়ারম্যান-২ হিসাবে ভাইস চেয়ারম্যান জনাব মোসাঃ তাহমিনা হক ০৪ ভোট পেয়েছে।

সিদ্ধান্ত ঃ পরিষদের চেয়ারম্যানের অনুপস্থিতিতে প্যানেল চেয়ারম্যান-১ হিসাবে ভাইস চেয়ারম্যান জনাব নাজমুল হাছান শরীফ, প্যানেল চেয়ারম্যান-২ হিসাবে ভাইস চেয়ারম্যান জনাব মহিলা ভাইস চেয়ারম্যান জনাব মোসা ঃ তাহমিনা হক সর্বসম্মতিক্রমে নির্বাচিত করা হয়।

বাস্তবায়নে ঃ জনাব নাজমুল হাছান শরীফ, ভাইস চেয়ারম্যান এবং জনাব মোসা ঃ তাহমিনা হক (পপি) মহিলা ভাইস চেয়ারম্যান।

উপজেলা নির্বাহী অফিসার ব্রাহ্মণপাড়া সভায় বলেন যে, ব্রাহ্মণপাড়া বাজারে যানজট নিরসনে বাইপাস সড়ক নির্মাণ বিষয়ে একটি সভা আহবান করার প্রস্তাব করেন। প্রত্যেক ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কে মৌখিক নির্দেশ বলেন যে, রাস্তার পাশে কেউ পুকুর খনন অথবা মাছ চাষ করে রাস্তার ক্ষতি করছে এমন পুকুর মালিকদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জমা প্রদান করার জন্য যাতে দোষী পুকুর মালিকগণকে মোবাইল কোর্টের মাধ্যমে আইনানুগ ব্যবস্থা গ্রহণের আশ্বাস প্রদান করেন। তাহলে রাস্তার পাশে পুকুর খনন ও মাছ চাষ করা কমে আসবে।

বিভাগীয় প্রধানগণের আলোচনাঃ

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | **স্বাস্থ্য বিভাগঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা জানান যে,বর্তমান সময়ে বিভিন্ন সংবাদপত্র এবং সোসাল মিডিয়ায় এর মাধ্যমে একটি বিষয় আলোচনা হয় " রাসেল ভাইপার " সাপ নিয়ে ব্রাহ্মণপাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ৩০ ভায়াল এন্টিবেকসিন মওজুদ আছে আরও ১০০ ভায়াল এর চাহিদা পাওয়া হয়েছে। হাসপাতালে ডাক্তার ও নার্স প্রস্তুত আছে। উপজেলা চেয়ারম্যান এর প্রশ্ন ডেঙ্গু অবস্থা সর্ম্পকে জানতে চান এর উত্তরে জানানো হয় উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং উপজেলা সমাজসেবা কর্মকর্তার মাধ্যমে সমন্বয় করে ১০ জুলাই, ২০২৪ এর মধ্যে আর ডেঙ্গু সনাক্তকারী কিট এবং স্যালাইন ক্রয় করার পরিকল্পনা রয়েছে। হাসপাতাল এর গত মাসে প্রায় ১ লক্ষ ১০ হাজার টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়। হাসপাতালের সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা |
| ০২. | **কৃষি বিভাগ ঃ** উপজেলা কৃষি অফিসার জানান যে, বর্তমানে আউস ধান থোর অবস্থায় আছে। এ বছর আবহাওয়া ভাল থাকায় আউস ধানে পোকা মাকড় ও রোগ বালাই অনেক কম। দেশের পুষ্টির চাহিদা পূরনের উদ্দেশ্যে পারিবারিক পুষ্টি বাগান প্রদর্শনীর মাধ্যমে পুষ্টিকর সবর্জি চাষে কৃষকদের উৎসাহিত করার কাজ চলছে। বর্তমানে ব্রাহ্মণপাড়ায় সারের মজুদ সন্তোষজনক আছে। এছাড়া অফিসের অন্যান্য দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে চলছে। | | উপজেলা কৃষি কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া |
| ০৩ | **প্রকৌশলী বিভাগঃ** উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া জানান যে,তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | | উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| . | **মৎস্য বিভাগ :** উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, অত্র দপ্তরে উপজেলা মৎস্য অফিসার ছাড়া আর কোন লোকবল নেই। আগামী ৩০/০৭/২০২৪ হতে ০৫/০৮/২০২৪ খ্রি " জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৪" উদযাপিত হবে। এ সময়ে মৎস্যচাষীদের নিয়ে র‍্যালি, আলোচনা সভা, পোনা মাছ অবমুক্তকরন সহ বিভিন্ন অনুষ্ঠান উদযাপিত হবে। এছাড়া কমিটির সিদ্ধান্তক্রমে জনাব মোঃ মোস্তফা কামাল, জনাব জাকির হোসেন, জনাব আলাউদ্দিন, জনাব বাছির আহম্মেদ এবং আরকে ফিড এন্ড পোল্টি লিমিটেড মোট ০৫ জনকে পুরস্কারের জন্য মনোনয়ন দেয়া হয়। পাশাপাশি মোট ২৫০ জন মৎস্যজীবি জেলে আইডি কার্ড প্রদান করা হবে। উল্লেখ্য দপ্তরের অন্যান্য | | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৫. | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, এ মাসে গবাদিপশুর চিকিৎসা হয়েছে ২৫০টি কৃত্রিম প্রজনন হয়েছে ৭৫০ মাত্রা, গবাদি পশুর টিকা প্রদান হয়েছে ৪০০ মাত্রা। অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ০৬. | **শিক্ষা বিভাগঃ** উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে,বর্তমানে ঈদুল আযহা ও গ্রীস্মকালীন অবকাশ উপলক্ষ্যে ১৩ জুন হতে ২ জুলাই পর্যন্ত বিদ্যালয় বন্ধ আছে। বিদ্যালয় খোলার আগে বিদ্যালয় পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার নির্দেশনা আছে।<br>সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি গঠন প্রক্রিয়াধীন আছে। কমিটি গঠনে ইউনিয়ন প্রতিনিধিদের সাহার্য্য সহযোগিতা করা হচ্ছে।<br>বঙ্গবন্ধু ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা ফুটবল টুর্নামেন্ট চলমান। ইউনিয়ন ভিত্তিক ও কোয়াটার ফাইনাল খেলা শেষ হয়েছে। ফাইনাল খেলায় মাননীয় এমপি মহোদয়কে প্রধান অতিথি করে খেলা পরিচালনা করা হবে। অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ০৭. | **মাধ্যমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। চলমান এসএইচসি ও সমমানের পরীক্ষা/২০ ২৫/০৭/২৪ পর্যন্ত স্থগিত আছে। তারিখ পরবর্তীতে জানানো হবে। সকল শিক্ষা প্রতিষ্ঠান ই শান্ত রয়েছে। কোন রকম ঘটনা ঘটে নাই। ঘটনার সম্ভবনা নেই। নতুন কারিকুলামের আওতায় মাসিক পরীক্ষা স্থগিত হয়েছে। নির্দেশনা পেলে আবারো চালু করা হবে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক | | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ০৮. | **উপজেলা সমাজসেবা বিভাগ :** উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় অবহিত করেন যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় পরিচালিত সকল ভাতাভোগীর "লাইভ ভেরিফিকেশন" ২০২৪-২০২৫ অর্থ বছরের ৩১শে আগস্ট এর মধ্যে সরেজমিনে যাচাই করার লক্ষ্যে সরকারি নির্দেশনা আছে। যে আলোকে স্ব-স্ব ইউনিয়ন পরিষদে যাচাইয়ের লক্ষ্যে ১১/০৭/২০২৪ খ্রি. তারিখে একটি সিডিউল করা হয়েছে। সে সিডিউল অনুসারে লাইভ ভেরিফিকেশনের কাজ | | সমাজ সেবা কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। |
| ০৯. | **উপজেলা যুব উন্নয়ন বিভাগ :** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, জুন/২৪ মাস পর্যন্ত ৯১ জন যুব ও যুবমহিলার মাঝে ২৮,৩০,০০০/- টাকা যুব ঋণ বিতরন করা হয়। বিভিন্ন বিষয়ে ৪২০ জনকে প্রশিক্ষণ দেয়া হয়। ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৩.৯৭%। তাছাড়া বিগত ডিসেম্বর/২৩ খ্রি. উপজেলা উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে টয়লেট না থাকায় অসুবিধা হওয়ায় ১টি টয়লেট স্থাপনের জন্য বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করা হয়। তা পুন:রায় আবেদন | | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১০. | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, ২০২৪-২০২৫ অর্থ বছরে " অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি" (ইজিপিপি) প্রকল্পের ১ম পর্যায়ের প্রকল্প তালিকা-৩ শ্রমিক তালিকা প্রস্তুত করতঃ আগামী ০৮/০৮/২০২৪ তারিখের দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ করতে হবে।<br>২০২৪-২০২৫ অর্থ বছরে সেতু কালর্ভাট নির্মাণ প্রকল্পের আওতায় ১১টি সেতু/কারভার্ট নির্মাণ প্রকল্পের মধ্যে ০৬টি প্রকল্পের শেষ হয়েছে। বাকী ০৫টি প্রকল্পের কাজ খালে পানি থাকার | | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১১. | **উপজেলা মহিলা বিষয়ক বিভাগ :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে,ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় জানুয়ারী/২৪ হতে জুন/২৪ মাস পর্যন্ত ছয় মাসের ২২৬.৯৮ মে. টন পুষ্টি চাউল পাওয়া গেছে। উক্ত বরাদ্দ হতে জুন/২৪ মাসে পুষ্টি চাউল এর ডিও দেওয়া হয়েছে এবং বিতরণ সম্পন্ন হয়েছে। পরবর্তীতে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে খাদ্য শস্য বিতরণ করা হয়েছে। চুক্তিবদ্ধ এনজিও সোশাল শেল্টার ফর ডেভেলপমেন্ট এর মাধ্যমে ভিডব্লিউবি উপকারভোগীদের সঞ্চয় আদায় এবং প্রশিক্ষন কার্যক্রম চলমান রয়েছে।<br>কিশোর- কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম চলমান আছে।<br>অত্র উপজেলায় ০৮টি ইউনিয়নে মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরে কোন বরাদ্দ পত্র পাওয়া যায়নি। তবে উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী আবেদন করতে বলা হয়েছে।<br>কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম ২৬/০৭/২০২৪ হতে ২৭/০৭/২০২৪ খ্রি. ক্লাব কার্যক্রম বন্ধ রাখার নির্দেশনা পাওয়া গেছে। | | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| [illegible]. | **উপজলা পরিবার-পরিকল্পনা বিভাগঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, Contraception চলতি মাসে সক্ষম দম্পতি ৪৪৬৯৬ জনের মধ্যে খাবার বড়ি ১৭০৩৬ জন, কনডম ২৬১৮ জন, ইনজেকশন ৫৮২৪ জন, আইইডি ১৬১৩জন, ইমপ্লান্ট-২৬৬৮জন, স্থায়ী পদ্ধতি (পুরুষ) ৫৩০জন এবং মহিলা ৪০৫৩জন, ইউনিয়নের মোট ৩৪৪৪২ জন জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহার করেছেন। সিএআর-৭৭.০৬%।<br>মাতৃস্বাস্থ্য মোট গর্ভবতীর সংখ্যা ১৭১৪জন,চলতি মাসে নতুন গর্ভবতী ১৬৯জন,গর্ভকালীন ৯০০জন ও গর্ভোত্তর ৫৭৩জনকে সেবা প্রদান করা হয়েছে। জুন/২৪ স্বাভাবিক প্রসবের সংখ্যা ৬১জন। | | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১৩. | **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, বিআরডিবি কর্তৃক ব্রাহ্মণপাড়া উপজেলায় বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্প ও কর্মসূচীর মাধ্যমে ২৩-২৪ অর্থ বছরে সুবিধাভোগী সদস্যদের মাঝে ৩১১.৬০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। চলতি অর্থ বছরে নির্ধারিত লক্ষমাত্রার বিপরীতে এ যাবৎ ৭.০০ লক্ষ টাকা ঋণ বিতরন করা হয়। মাঠ পর্যায়ে বিদ্যমান ঋণ বিতরন যথারীতি আদায় কার্যক্রম বহাল রয়েছে। বিদ্যমান খেলাপী ঋণ আদায় স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিদের সহযোগীতা কামনা করছি। এছাড়া অত্র বিভাগের অন্যান্য | | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৪. | **একটি বাড়ী একটি খামার প্রকল্প :** সমন্বয়কারী, জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে ঋণ বিতরনের লক্ষ্যমাত্রা ১৭.৬২ লক্ষ টাকা বিতরন করেছি ১৪.৬০ লক্ষ টাকা। আদায়ের লক্ষ্যমাত্রা ১৮.০৯ লক্ষ টাকা। আদায় করেছি ১৫.০৫ লক্ষ টাকা। সঞ্চয় আদায়ের লক্ষ্যমাত্রা ১,২৭ লক্ষ টাকা আদায় করেছি ৯৫ লক্ষ টাকা। ঋণ গ্রহণ করে মৃত্যুবরন করেছে ৫৫ জন তাদের বকেয়া ঋণের পরিমান প্রায় ৪০ লক্ষ টাকা ২০ লক্ষ টাকা মওকুফ চলমান আছে। এছাড়া অত্র দপ্তরে | | সমন্বয়কারী এবাএখা ব্রাহ্মণপাড়া |
| ১৫. | **উপজেলা সমবায় বিভাগঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তাঁর দপ্তর সর্ম্পকে কিছু জানা যায়নি। | | সমবায় কর্মকর্তা |
| ১৬. | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :** উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা সভায় জানান যে,উপজেলায় ২০২৩-২০২৪ অর্থ বছরের ৩৮ অগভীর ও ১৭০টি গভীর নলকূপ স্থাপন কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২০টি সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ (বেসিন সহ) স্থাপন কাজ সম্পন্ন হয়েছে। বিভিন্ন আশ্রয়ন প্রকল্পের ৬২টি গভীর অগভীর নলকূপ বসানো হয়েছে। বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২৩-২৪ অর্থ বছরে ১০টি ওয়াশব্লক নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে।<br>বর্তমানে বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বর্তমানে ১৮টি ওয়াশব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে।এছাড়া খুব শীঘ্রই ২৫টি স্কুলে ওয়াশব্লক নির্মাণ কাজ শুরু হবে।<br>ব্রাহ্মণপাড়া সদর ইউনিয়নের নাইঘর গ্রামের নাইঘর মাদ্রাসার উত্তরপাশে Rural Piped Water | | জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা |
| ১৭.. | **বন বিভাগ :** ফরেস্টার ব্রাহ্মণপাড়া দূর্ঘটনা জনিত কারণে অসুস্থ থাকায় তিনি সভায় উপস্থিত না থাকায় তাঁর বিভাগ সর্ম্পকে কিছু জানা যায়নি।<br>চেয়ারম্যান সাহেবাবাদ ইউনিয়ন পরিষদ জানান যে, সাহেবাবাদ ইউনিয়নের বিভিন্ন রাস্তায় ঝড়ে পড়া,ঝুকিপূর্ন ও মরা গাছ যে কোন সময় দূর্ঘটনা ঘটার সম্ভবনা রয়েছে তাই জরুরীভিত্তিতে রাস্তার পাশের মরা, ঝুকিপূর্ন ও ঝড়ে পড়া গাছ কেটে অপসারণ করার জন্য সভায় উপস্থাপন করেন। | সাহেবাবাদ ইউনিয়নের রাস্তার পাশে মরা, ঝুকিপূর্ন ও ঝড়ে পড়া গাছ কতর্ণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৮ | **পল্লী বিদ্যুৎঃ** ডিজিএম কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ সভায় অনুপস্থিত থাকায় তাঁর দপ্তর সর্ম্পকে কিছু জানা যায়নি। | | |
| ১৯ | **বিবিধঃ** | | |

ঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬.৭.২৪

(মুহাম্মদ আবু তৈয়ব অপি)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
ফোন: ০৮০২৮-৫৬০৩০

স্মারক নং ০৫.৫৪৯.০০৬.০০.০০.০০১.২৪- ৪৬ (২৮)

তারিখ: ২৬/০৬/২০২৪খ্রি.

অনুলিপি :

১. এম এ জাহের, মাননীয় জাতীয় সংসদ সদস্য, কুমিল্লা-৫, কুমিল্লা।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. কমিশনার , চট্টগ্রাম বভাগ, চট্টগ্রাম।
৪. পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, চট্টগ্রাম বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রাম।
৫. জেলা প্রশাসক, কুমিল্লা।
৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, কুমিল্লা।

(১-৬) সদয় অবগতির জন্য।

৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
৮. উপজেলা..................................................কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
৯. চেয়ারম্যান................................................(সকল) ইউপি, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।

(৭-৯) অবগতি ও কার্যার্থে

২৭.৭.২৪

(স.ম. আজহারুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।